# পাথরঘাটায় শিশু শিক্ষার্থীকে শিকলে বেঁধে শাস্তি

## মাদ্রাসা শিক্ষক আটক

**পাথরঘাটা (বরগুনা) প্রতিনিধি**

পাথরঘাটায় মসজিদভিত্তিক গণশিক্ষা কেন্দ্রের এক শিক্ষার্থীকে শিকলে বেঁধে শাস্তি দেয়ার অভিযোগ পাওয়া গেছে। সোমবার সকাল ৮টায় পাথরঘাটা পৌর শহরের ৯ নম্বর ওয়ার্ডের নতুন বাজার ব্রিজ সংলগ্ন বাইতুল ফালাহ নূরানি পাঠশালায় এ ঘটনা ঘটে। ওই পাঠশালার শিক্ষক এবং মসজিদের ইমাম হাফেজ মাওলানা নবী হোসেনকে পুলিশ আটক করেছে। পাথরঘাটা থানার ওসি এসএম জিয়াউল হক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।



কাঠের টুকরোসহ শিকলবন্দি শিক্ষার্থী সিফাত উল্লাহ যুগান্তর

শিশু শিক্ষার্থী সিফাত উল্লাহ জানায়, কয়েক দিন ধরে তাকে কাঠের টুকরোসহ পায়ে শিকল পরিয়ে পাঠশালায় পাঠদান করানো হচ্ছিল। আমি সকালের নাস্তা খেতে বাজারের মধ্যে ইদ্রিসের হোটেলে যাই। এ সময় পথচারীরা আমাকে দেখে ছবি তুলতে থাকে। তখন বাজারের মধ্যে হইচই পড়ে যায়। পরে মাদ্রাসা থেকে শিক্ষক এসে আমাকে পাঠশালায় নিয়ে যায়। পরে পাথরঘাটা থানা পুলিশ খবর পেয়ে শিকলবন্দি অবস্থায় আমাকে ও হুজুরকে থানায় নিয়ে আসে। সিফাতের বাবা পাথরঘাটা সদর ইউনিয়নের মো. ছগির মোল্লা জানান, সিফাতকে বাড়ির পাশে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করানো হয়েছিল। পরে স্কুল ফাঁকি দেয়ায় তাকে ওই মাদ্রাসায় ভর্তি করা হয়। যাতে পালিয়ে না যায় সেজন্য শিকল দিয়ে বেঁধে রাখতে শিক্ষককে অনুরোধ করেছিলাম। এ ব্যাপারে পাথরঘাটা থানার ওসি এসএম জিয়াউল হক জানান, সিফাতের মা আয়শা বেগম শিশু আইনে মামলা করলে শিক্ষককে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।